

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৬২৬

৪৩. দিয়াত অধ্যায় (كتاب العقول)

পরিচ্ছেদঃ ২৪. সাইবা'র অপরাধ ও তাহার দিয়াত

باب مَا جَاءَ فِي دِيَةِ السَّائِبَةِ وَجِنَايَتِهِ

আরবী

حَدَّتَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ أَبِي الزِّنَادِ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ أَنَّ سَائِبَةً أَعْتَقَهُ بَعْضُ الْحُجَّاجِ فَقَتَلَ ابْنَ رَجُلِ مِنْ بَنِي عَائِذٍ فَجَاءَ الْعَائِذِيُّ أَبُو الْمَقْتُولِ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ يَطْلُبُ دِيَةَ ابْنِهِ فَقَالَ عُمَرُ لَا دِيَةَ لَهُ فَقَالَ الْعَائِذِيُّ أَرَأَيْتَ لَوْ قَتَلَهُ ابْنِي فَقَالَ عُمَرُ إِذًا تُخْرِجُونَ دِيَتَهُ فَقَالَ هُوَ إِذًا كَالْأَرْقَمِ إِنْ يُتْرَكْ يَلْقَمْ وَإِنْ يُقْتَلْ يَنْقَمْ

বাংলা

রেওয়ায়ত ১৬. সুলায়মান ইবন ইয়াসার (রহঃ) হইতে বর্ণিত, এক[1] সাইবা[2] যাহাকে কোন হাজী মুক্ত করিয়া দিয়াছিল — বনী আইযের এক ব্যক্তিকে হত্যা করিল। নিহতের পিতা স্বীয় সন্তানের দিয়াত চাহিবার জন্য উমর (রাঃ)-এর নিকট আগমন করিল। তিনি বলিলেনঃ উহার দিয়াত নাই। সে ব্যক্তি বলিলঃ যদি আমার ছেলে ঐ সাইবাকে হত্যা করিত তবে কি হইত? উমর (রাঃ) বললেন, তাহা হইলে তোমাকে তাহার দিয়াত আদায় করিতে হইত। সে ব্যক্তি বলিলঃ সাইবা কি? এক বিষধর সর্প, যদি ছাড়িয়া দাও, তবে দংশন করিবে আর যদি মারিয়া ফেল তবে বদলা দিতে হইবে।

English

Yahya related to me from Malik from Abu'z-Zinad from Sulayman ibn Yasar that a slave was set free by one of the people on hajj and his master had abandoned the right to inherit from him. The ex-slave then killed a man from the Banu A'idh tribe. An A'idhi, the father of the slain man came to Umar ibn al-Khattab seeking the blood-money of his son. Umar said, "He has no blood-money." The A'idhi said, "What would you think if it had been my son who killed him?" Umar said, "Then you would pay his blood-money." He said, "He is then like the black and white Arqam snake. If it is left, it devours and if it is killed, it takes revenge."



ফুটনোট

- [1] জাহিলিয়া যুগে মানুষের আকীদা ছিল, যে সমস্ত সাপের বদলা লওয়া হয় যদি কেহ সেই ধরনের সাপকে মারিয়া ফেলে সেও মরিয়া যায়। এই সাইবাকে সাপের সহিত তুলনা করা হইয়াছে।
- [2] সাইবা ঐ দাসকে বলা হয় যাহাকে মুক্ত করার সময় তাহার প্রভু এই শর্ত করে : তোমার উত্তরাধিকারী হইব না। এইরূপ দাসের প্রভুর উপর দিয়াত অনিবার্য হয় না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন